

# বাংলাদেশ নির্বাচন কমিশন

## নির্বাচন কমিশন সচিবালয়

আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং

এক্সেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্প

নির্বাচন ভবন (৯ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং- আইডিইএ/কমিঃ/০০২/২০১৩-৬০৬৫

তারিখঃ ০৩ মে, ২০২০ খ্রিঃ

বিষয়ঃ অনলাইনে জাতীয় পরিচয়পত্র সেবা সংক্রান্ত বিষয়াদি দেশব্যাপী প্রচার প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ করোনাভাইরাস এর সংক্রমণ রোধে সারা দেশ তথা বিশ্ব স্থবির হয়ে আছে। জাতির এই ক্রান্তিলগ্নে দেশের জনগণের দোরগোড়ায় এনআইডি সেবা পৌঁছে দিতে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ গত ২৭ এপ্রিল ২০২০ হতে Bangladesh NID Application System এর মাধ্যমে জাতীয় পরিচয়পত্রের অনলাইন সেবা কার্যক্রম শুরু করেছে। <https://services.nidw.gov.bd> এড্রেস এ উক্ত ওয়েবসাইটে প্রবেশ করে নিম্নলিখিত সেবাসমূহ পাওয়া যাবে-

- ক. অনলাইনে জাতীয় পরিচয়পত্রের কপি সংগ্রহ (ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন, কিন্তু এনআইডি কার্ড পাননি);
- খ. জাতীয় পরিচয়পত্রের নম্বর সংগ্রহ;
- গ. জাতীয় পরিচয়পত্রের তথ্য সংশোধন ও হালনাগাদকরণ আবেদন;
- ঘ. হারানো জাতীয় পরিচয়পত্র পুনরায় উত্তোলন আবেদন;
- ঙ. নতুন ভোটার নিবন্ধন আবেদন;

০২। এছাড়াও, মোবাইলের মেসেজ অপশনে NID স্পেস From No. স্পেস dd-mm-yyyy লিখে ১০৫ নম্বরে প্রেরণ করলে, ফিরতি এসএমএস এর মাধ্যমে আবেদনকারীর NID নম্বর জানিয়ে দেওয়া হবে। উপরোক্ত সেবা সংক্রান্ত যেকোন প্রকার অনুসন্ধান এর প্রয়োজন হলে- ১০৫ নম্বর কল করা যাবে (ছুটির দিন ব্যতিত) এবং যেকোন সময়ে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের অফিসিয়াল ফেসবুক পেইজ 'National ID Card-জাতীয় পরিচয়পত্র' এ যোগাযোগ করা যাবে।

০৩। অনলাইন জাতীয় পরিচয়পত্র সেবা এবং অন্যান্য সকল পদক্ষেপসমূহ সম্পর্কে দেশের জনগণকে অবহিত করার জন্য IDEA প্রকল্পের কমিউনিকেশন শাখা নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করেছে-

- ক. ডিজি এনআইডি মহোদয় কর্তৃক ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনলাইন সংবাদ সম্মেলন;
- খ. সংবাদ মাধ্যমে প্রেস রিলিজ প্রদান;
- গ. জাতীয় দৈনিক পত্রিকার প্রথম ও শেষ পৃষ্ঠায় বিজ্ঞাপন প্রকাশ;
- ঘ. টিভি চ্যানেলে ২৪ ঘণ্টা ব্যাপি 'টিভি স্ক্রল' প্রদান;
- ঙ. BTRC এর মাধ্যমে সারাদেশে এসএমএস প্রেরণ;
- চ. এনআইডি উইং এর অফিসিয়াল ফেসবুক পেইজ 'National ID Card-জাতীয় পরিচয়পত্র' এর মাধ্যমে প্রচার;
- ছ. ফেসবুক এবং ইউটিউব এর মাধ্যমে অনলাইন পোর্টাল ব্যবহার সংক্রান্ত টিউটোরিয়াল ভিডিও প্রচার।

০৪। অনলাইনে জাতীয় পরিচয়পত্র সেবা সংক্রান্ত বিষয়াদি এবং গ্রহণকৃত পদক্ষেপসমূহ দেশব্যাপি জনগণকে অবহিত করার জন্য ব্যাপক প্রচার-প্রচারণা প্রয়োজন। এমতাবস্থায়, আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা/উপজেলা নির্বাচন কর্মকর্তাবৃন্দের নিজ নিজ এলাকায় জনপ্রতিনিধিদের মাধ্যমে, তথ্য সেবা কেন্দ্র, স্থানীয় পত্রিকা ও ক্যাবল টিভিতে ব্যাপকভাবে প্রচারের বিশেষ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হল।

কার্জী আশিকুজ্জামান  
স্কোয়াড্রন লীডার  
অফিসার ইনচার্জ (কমিউনিকেশন)  
আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়

প্রাপকঃ

- ০১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা..... (সকল)
- ০২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা..... (সকল)
- ০৩। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা..... (সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (অপারেশন), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।